

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ

ঢাকা দক্ষিণ নগর ভবন ১৪তলা, ফুলবাড়িয়া, ঢাকা-১০০০
ওয়েব সাইট: www.dtca.gov.bd

২০২০-২০২১ অর্থবছরের ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ এর জাতীয় শুদ্ধাচার কৌশল নৈতিকতা কমিটির ৩য় প্রান্তিকের (জানুয়ারি হতে মার্চ/২০২১) সভার কার্যবিবরণী:


সভাপতি : খন্দকার রাফিকুর রহমান, নির্বাহী পরিচালক, ডিটিসিএ
তারিখ : ০৭ মার্চ ২০২১খ্রি.
সময় : সকাল ১১:৩০ ঘটিকা
স্থান : সম্মেলন কক্ষ, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ)
উপস্থিতি তালিকা : পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে ডেপুটি ম্যাস ট্রানজিট ইঞ্জিনিয়ার (বিআরটি), ডিটিসিএ জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ে আলোচ্য বিষয়াদি সভায় উপস্থাপন করেন। সভার সভাপতি শুদ্ধাচার কর্মপরিকল্পনার ৩য় প্রান্তিকের যে সকল কর্মসূচি এখনও সম্পন্ন হয়নি সে সব কর্মসূচির উপর আলোচনা করার আহবান জানান। আলোচ্যসূচী অনুযায়ী শুদ্ধাচার কর্মপরিকল্পনার ৩য় প্রান্তিকের (জানুয়ারি হতে মার্চ/২০২১) লক্ষ্যমাত্রার উপর বিস্তারিত আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্রম নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১।	২.১ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভা	১৬ মার্চ ২০২১ তারিখে অনুষ্ঠিত করতে হবে;	পরিচালক (প্রশা:), ট্রেনিং এডভাইজার ও সহকারী ট্রান্সপোর্ট ইঞ্জিনিয়ার
২।	৩.১ ডিটিসিএ আইন সংশোধনের খসড়া মন্ত্রণালয়ে প্রেরণ	২৮ মার্চ ২০২১ তারিখের মধ্যে প্রেরণের ব্যবস্থা করতে হবে;	হিসাব ও অর্থ কর্মকর্তা
৩।	৭.১ পিপিএ ২০০৬-এর ধারা ১১(২) ও পিপিআর ২০০৮-এর বিধি ১৬(৬) অনুযায়ী ২০২০-২১ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ	২৭ মার্চ ২০২১ তারিখের মধ্যে সংশোধিত ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ করতে হবে;	উপ-পরিচালক (অ: দ:)
৪।	৮.১ স্ব স্ব সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) প্রণয়ন/ হালনাগাদকরণ ও বাস্তবায়ন : ক) বিভিন্ন প্রতিষ্ঠানকে পরিবহন অবকাঠামো নির্মাণে ছাড়পত্র প্রদান। খ) নগরের গণপরিবহন সংক্রান্ত প্রচারনা ও তথ্য বিনিময়।	পরিপালন প্রতিবেদন ১৫ মার্চ ২০২০ তারিখের মধ্যে ডেপুটি ম্যাস ট্রানজিট ইঞ্জিনিয়ার (বিআরটি) বরাবর প্রেরণ করতে হবে;	ট্রাফিক ইঞ্জিনিয়ার, প্রোগ্রামার, সহকারী আরবান প্লানার
৫।	৮.৩ শাখা/অধিশাখা ও আওতাধীন/অধস্তন কার্যালয় পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়ন	ক) ১৫ মার্চ ২০২১ তারিখের মধ্যে পূর্ববর্তী প্রান্তিকের প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়ন ন্যূনতম ৬০% করতে হবে; খ) সুপারিশ বাস্তবায়ন প্রতিবেদনে বাস্তবায়নের শতকরা হার উল্লেখ করতে হবে;	পরিচালক (প্রশাসন)
৬।	৮.৪ সচিবালয় নির্দেশমালা, ২০১৪ অনুযায়ী নথির শ্রেণি বিন্যাসকরণ	ক) ২০ মার্চ ২০২১ তারিখের মধ্যে হিসাব শাখার নথি ন্যূনতম ৭০% বিন্যাস করতে হবে; খ) বাস্তবায়ন প্রতিবেদনে বাস্তবায়নের শতকরা হার উল্লেখ করতে হবে;	হিসাব ও অর্থ কর্মকর্তা
৭।	৯.২ TCEC কার্যক্রম পরিবীক্ষণ	ক) বাস্তবায়নের দায়িত্ব অতি: নির্বাহী পরিচালক (পিএমপি) এর পরিবর্তে অতি: নির্বাহী পরিচালক (টিএমপিটিআই) কে অর্পন করা হল; খ) ১৬ মার্চ ২০২১ তারিখের মধ্যে পরিবীক্ষণপূর্বক প্রতিবেদন প্রেরণ করতে হবে;	অতি: নির্বাহী পরিচালক (টিএমপিটিআই)
৮।	৯.৩ ডিটিসিএ- এর ক্রয় কার্যক্রম পরিবীক্ষণ	ক) বাস্তবায়নের দায়িত্ব অতি: নির্বাহী পরিচালক (পিএমপি) এর পরিবর্তে অতি: নির্বাহী পরিচালক (টিএমপিটিআই) কে অর্পন করা হল; খ) ১৫ মার্চ ২০২১ তারিখের মধ্যে পরিবীক্ষণপূর্বক প্রতিবেদন প্রেরণ করতে হবে;	অতি: নির্বাহী পরিচালক (টিএমপিটিআই)
৯।	১২.১ শুদ্ধাচার কর্ম-পরিকল্পনায় অর্ন্তভুক্ত বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থের আনুমানিক পরিমাণ	২১ মার্চ ২০২১ তারিখের মধ্যে কর্মসূচী পরিপালন প্রতিবেদন প্রেরণ করতে হবে;	হিসাব ও অর্থ কর্মকর্তা

২। সভাপতি ৩য় প্রান্তিকের সকল কাজ যথাসময়ে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি আহবান জানান।

অতপর: সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


খন্দকার রাফিকুর রহমান
নির্বাহী পরিচালক
ফোন: ৯৫৬২৬৮৬